

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.১১২.৪৭.০০৯.২৩- ৫৮৪

তারিখঃ ২১/০৯/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ পশুখাদ্য উৎপাদন/ প্রক্রিয়াজাতকরণ/ সংরক্ষণকারী প্রতিষ্ঠান (ক্যাটাগরি-১) এবং পশুখাদ্য বিক্রয়ের (ক্যাটাগরি-৩) লাইসেন্স প্রদান সংক্রান্ত।


সূত্রঃ মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে ৩০ আগষ্ট/২০২৩ তারিখের অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে একদিন বয়সী মুরগির বাচ্চা ও ডিম এবং পশুখাদ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে বিগত ৩০ আগষ্ট, ২০২৩ খ্রিঃ তারিখ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যে সকল ফিড মিল অদ্যাবধি নিবন্ধন গ্রহণ/নবায়ন করা হয়নি সেসকল ফিড মিল গুলোকে স্বল্পতম সময়ের মধ্যে নবায়ন/নিবন্ধনের আওতায় আনয়নের সহযোগিতা প্রদান এবং পশুখাদ্য বিক্রেতা (ডিলার) কে ক্যাটাগরি-৩ লাইসেন্সের আওতায় আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেপ্রেক্ষিতে, আপনার অধিনস্থ প্রতিটি জেলার অনিবন্ধিত ফিড মিল সমূহকে স্বল্পতম সময়ের মধ্যে নিবন্ধনের আওতায় আনয়নের সহযোগিতা প্রদান এবং সকল পশুখাদ্য বিক্রেতা (ডিলার) কে ক্যাটাগরি-৩ লাইসেন্সের আওতায় আনয়ন পূর্বক প্রতিবেদন ও সফট কপি (ddfarm.dls@gmail.com) আগামী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

পরিচালক
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল)



(ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৪। অফিস কপি।